



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং: ৬২১/ক/অনুঃ/২০১৫/২৬৯৫

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

বিষয়: ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন “কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজ” এর প্রধান শিক্ষকের অবসর গ্রহণের প্রমাণপত্র বোর্ডে দাখিল পূর্বক সহকারী প্রধান শিক্ষক/এমপিও তালিকায় জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১। কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজ এর ১০জন শিক্ষকের ২৫/০৪/২০২৩ তারিখের অভিযোগ
২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১
৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং- ওএম/৭৪/ম/১৪-১৭৮৪ তারিখ: ২৭/১০/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর মতিঝিল থানাধীন “কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজ” এর প্রধান শিক্ষক জনাব মোঃ আব্দুল আলিম- (ইনডেন্স নং ২৭৫৯৬৬) এর চাকুরির মেয়াদ ২২/০৪/২০২৩ তারিখে ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ায় বিধি মোতাবেক অবসর গ্রহণের প্রমাণপত্র বোর্ডে দাখিল পূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর ২৭/১০/২০২২ তারিখের ওএম/৭৪/ম/১৪-১৭৮৪ নং স্মারকের ২নং কলামের নির্দেশনা অনুযায়ী (২। ইদানিং লক্ষ করা যাচ্ছে, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০২১ এর ১১.১১ ধারায় অনুসৃত বিষয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অবসরপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের কোন বিধি-বিধান না মেনে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হচ্ছে এবং তা অনুমোদনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করা হচ্ছে। এক্ষেত্রে চুক্তিভিত্তিক অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে উক্ত শিক্ষক বিধি অনুযায়ী ৬০(ষাট) বছর পূর্তিতে অবসরে গেলে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ: ০৬ জুন ২০১১ এবং স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ: ০৯ জুলাই ২০১২ অনুযায়ী অধ্যক্ষ/প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে সহকারী প্রধান শিক্ষক- কে প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করতে হবে। কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠ শিক্ষক- কে অধ্যক্ষ/প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করতে হবে। কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠ শিক্ষক- কে অধ্যক্ষ/প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পণ করতে হবে। তবে পরবর্তীতে অধ্যক্ষ/প্রধান শিক্ষক পদে চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়টি সরকারের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে তিনি উক্ত পদের দায়িত্বভার গ্রহণ করতে পারবেন) সহকারী প্রধান শিক্ষক/এমপিও তালিকায় জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান করে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা/-

মুহাম্মদ রবিউল আলম

কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

সভাপতি

কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজ (১০৮৫৭৯)

মতিঝিল, ঢাকা

মেমো নং- ২৬৯৫ (৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২। জেলা প্রশাসক, ঢাকা
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা
- ৪। জনাব মোঃ আব্দুল আলিম
প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত), কমলাপুর শেরে বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা
- ৫। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। অফিস কপি

২৭.৪.২৩

কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

২৭-০৪-২০২৩